

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৪

তারিখ: ৭ মাঘ ১৪২৯  
২১ জানুয়ারি ২০২৩

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

২। আজ ২১ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত ও দেখাতে হবে না।

৩। আজ ২১ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: উপমহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ষিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাস: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

কুয়াশা: মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকায় মাঝারী থেকে ঘন কুয়াশা এবং দেশের অন্যত্র হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

শৈত্য প্রবাহ: ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, রাজশাহী, পাবনা, নওগাঁ, সিরাজগঞ্জ, মৌলভীবাজার, রাজামাটি, কুমিল্লা, ফেনী, যশোর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, বরিশাল ও ভোলা জেলাসহ রংপুর বিভাগসমূহের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা কিছু কিছু এলাকা থেকে প্রশমিত হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): তাপমাত্রা ক্রমশঃ বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্টগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৫.২	২৪.৪	২৪.৫	২৪.৪	২৬.২	২৯.০	২৫.৪	২৬.১
সর্বনিম্ন তাপমাত্রা	০৮.৪	০৭.৩	০৬.৫	১০.৪	০৬.৬	০৯.৮	০৭.৪	০৮.৬

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ২৯.০° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ০৬.৫° সেঃ।

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

### ৪। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৯ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২০ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ৪৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৭	০	০
২।	ময়মনসিংহ	৪	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	৭	০	০
৬।	চট্টগ্রাম	৮	০	০
৭।	খুলনা	৫	০	০
৮।	রংপুর	১০	০	০
	মোট	৪৩	০	০



২১-১-২০২৩

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

[controlroom.ddm@gmail.com](mailto:controlroom.ddm@gmail.com)

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৪/১(১৭২)

তারিখ: ৭ মাঘ ১৪২৯

২১ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১০) জেলা প্রশাসক (সকল)
- ১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১৩) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা(সকল)
- ১৪) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



২১-১-২০২৩

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা